

**Class - XI-Philosophy : Term I (Half-yearly) : 2021-22 : Marks - 40**

**I. সঠিক উত্তরটি নির্বচন করো :**

**1 x 10 = 10**

1. ভারতীয় দর্শন হলো —  
(i) তত্ত্বের দর্শন (ii) তথ্যের দর্শন (iii) মৌলিক দর্শন (iv) প্রায়োগিক দর্শন।
2. ভারতীয় দর্শনে আস্তিক সম্প্রদায়ের সংখ্যা হল —  
(i) দুই (ii) তিন (iii) চার (iv) পাঁচ।
3. ভারতীয় দর্শনে যথার্থ জ্ঞানকে বলা হয় —  
(i) প্রমাণ (ii) প্রমাণ (iii) প্রমেয় (iv) প্রমাতা।
4. ভারতীয় দর্শন মতে পরম পুরুষ হল —  
(i) ধর্ম (ii) অর্থ (iii) কাম (iv) মোক্ষ।
5. ন্যায় দর্শনের প্রতিষ্ঠাতা হলেন —  
(i) মহর্ষি গৌতম (ii) মহর্ষি কনাদ (iii) মহর্ষি কপিল (iv) মহর্ষি পতঞ্জলি।
6. অলৌকিক প্রত্যক্ষ —  
(i) দুই প্রকার (ii) তিন প্রকার (iii) চার প্রকার (iv) পাঁচ প্রকার।
7. পরামর্শ জন্য জ্ঞানকে বলা হয় —  
(i) প্রত্যক্ষ (ii) অনুমিতি (iii) শব্দ (iv) উপমিতি।
8. জানা ক্রিয়া পদাটি ব্যবহৃত হয়েছে —  
(i) তিনটি মুখ্য অর্থে (ii) চারটি মুখ্য অর্থে (iii) পাঁচটি মুখ্য অর্থে (iv) ছয়টি মুখ্য অর্থে।
9. আধুনিক অভিজ্ঞতাবাদের জনক হলেন —  
(i) টমাস হবস (ii) জন লক (iii) জর্জ বার্কলে (iv) ডেভিড হিউম।
10. জ্ঞানের উৎস সম্পর্কে কান্টের মতবাদকে বলা হয় —  
(i) অভিজ্ঞতাবাদ (ii) বুদ্ধিবাদ (iii) বিচারবাদ (iv) স্বপ্নবাদ।

**II. নিম্নলিখিত প্রশ্নগুলির এক শব্দে/একবাক্যে উত্তর দাও :**

**1 x 20 = 20**

11. প্রমাণ কী ?
12. দুইটি আস্তিক দর্শন সম্প্রদায়ের নাম লিখ।
13. আস্তিক দর্শনের সংখ্যা কয়টি ?
14. সাংখ্য দর্শনের প্রতিষ্ঠাতা কে ?
15. তর্কসংগ্রহ গ্রন্থটি কার লেখা ?
16. ভারতীয় দর্শনে পুরুষার্থ কয়টি ?
17. প্রমেয় কী ?
18. 'ন্যায় সূত্র' গ্রন্থটির রচয়িতা কে ?
19. লৌকিক সন্নিকর্ষ কাকে বলে ?
20. নির্বিকল্পক প্রত্যক্ষ কী ?

21. ব্যাপ্তি কী ?
22. ব্যাপ্তি নির্ণয়ের উপায় কয়টি ?
23. একজন নব্য নৈয়ায়িকের নাম লিখ।
24. জ্ঞান লক্ষন সন্নিকর্ষের একটি উদাহরণ দাও।
25. ‘An Introduction to Philosophical Analysis’ গ্রন্থটি কার লেখা ?
26. বাচনিক জ্ঞানের আবশ্যিক শর্তগুলি উল্লেখ কর।
27. দুইজন বুদ্ধিবাদী দার্শনিকের নাম লিখ।
28. ‘আমি চিন্তা করি, সুতরাং আমি অস্তিত্বশীল’ — কথাটি কে বলেছেন ?
- 29 ‘Esse est percipi’ উক্তিটি কার ?
30. লকের মতে ধারণা কত প্রকার ?

**III. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (কুড়িটি শব্দে)**

**2 x 5 = 10**

31. ভারতীয় দর্শনে ‘দর্শন’ শব্দটির ব্যৎপত্তিগত অর্থ কী ?
32. ‘নাস্তিক দর্শন’ বলতে কী বুঝ ?
33. ন্যায় মতে সন্নিকর্ষ কী ?
34. সামান্য লক্ষন প্রত্যক্ষ কাকে বলে ?
35. সবল অর্থে ‘জানা’ বলতে কি বোঝায় ?